

# NEWSLETTER

December 2022

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বি.আই.পি.)

BANGLADESH INSTITUTE OF PLANNERS (BIP)

bipinfo   Bip2013a   bangladeshinstituteofplanners   www.bip.org.bd

© Photo by Pawel Nolbert on Unsplash

# সম্পাদকীয়

প্রিয় পরিকল্পনাবিদ,

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্সের পক্ষ থেকে বি.আই.পি'র সম্মানিত পরিকল্পনাবিদ সদস্যদের প্রতি ২০২৩ সালের সূচনালগ্নে খ্রিস্টীয় নববর্ষের শুভেচ্ছা রইল। বি.আই.পি'র ১৫তম কার্যনির্বাহী পরিষদের পক্ষ থেকে বি.আই.পি'র নিউজলেটার ডিসেম্বর ২০২২ সংখ্যা আপনাদের হতে তুলে দিতে পেরে আমরা আনন্দিত।

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্সের ১৫তম কার্যনির্বাহী বোর্ড ২০২২ সালের জানুয়ারিতে দায়িত্বভার গ্রহন করেছে। এই সময়ের মধ্যে বি.আই.পি'র ১৫তম কার্যনির্বাহী বোর্ড নানামুখী কর্মকান্ডের মাধ্যমে এই পেশাজীবী সংগঠনটিকে আরও বেশি কার্যকর ও গতিশীল রুপ দেওয়ার জন্য সদা তৎপর রয়েছে। একই সাথে সম্মানিত সদস্যবৃন্দের সার্বিক সহযোগিতায় চলমান অগ্রগতি ভবিষ্যতে আরও বেগবান হবে বলে বি.আই.পি. আশা করে। নিউজলেটার প্রকাশনা বি.আই.পি'র একটি ধারাবাহিক কার্যক্রম। এবারের সংখ্যায় জুন ২০২২ থেকে ডিসেম্বর ২০২২ পর্যন্ত বি.আই.পি. কর্তৃক আয়োজিত পেশাভিত্তিক প্রশিক্ষণ কর্মশালা, জব ফেয়ার, সমঝোতা স্মারক ও প্ল্যানিং স্টুডেন্ট কনভেনশন ২০২২ সহ বিভিন্ন অনুষ্ঠান ও ঘটনা প্রবাহের প্রতিবেদন ও তথ্য সমৃদ্ধ লেখা প্রকাশের চেষ্টা করা হয়েছে।

একটি পেশাজীবী সংগঠন হিসেবে বি.আই.পি. পরিকল্পনা পেশার উৎকর্ষ সাধনে দায়বদ্ধ। প্রতিষ্ঠাকালীন সময় থেকে আজ পর্যন্ত বি.আই.পি. অনেক সক্ষমতা অর্জন করেছে। প্রবীণ পরিকল্পনাবিদদের অভিজ্ঞতা এবং নবীন পরিকল্পনাবিদরে উদ্যমকে পাথেয় করে সময়ের পরিক্রমায় বাংলাদেশে পেশা হিসেবে নগর পরিকল্পনা চুড়ান্ত উৎকর্ষতা লাভ করবে বলে আমরা বিশ্বাস করি। সকলের সার্বিক সহযোগিতা ও অংশগ্রহনে নতুন নতুন সৃজনশীল কর্মসূচীর মাধ্যমে বি.আই.পি.'র অগ্রযাত্রা অব্যাহত থাকবে এবং ভবিষ্যতে পরিকল্পনাবিদদের কর্মদক্ষতাকে আরও ভালোভাবে কাজে লাগানোর জন্য সকলে ঐক্যবদ্ধভাবে কাজ করবে বলে বি.আই.পি. বিশ্বাস করে।

নতুন বছর আপনাদের জীবনে সমৃদ্ধি বয়ে আনুক এ কামনা করি।

ধন্যবাদান্তে,

বি.আই.পি.'র ১৫-তম কার্যনির্বাহী পরিষদের পক্ষে
**পরিকল্পনাবিদ মোঃ রেজাউর রহমান**
বোর্ড সদস্য (রিসার্চ এন্ড পাবলিকেশন)
বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বি.আই.পি.)



## রাজশাহী মহানগরীতে অবস্থিত বিআইপি'র সম্মানিত সদস্যদের সাথে একটি মতবিনিময় সভা


১ জুন ২০২২

রাজশাহী মহানগরীতে অবস্থিত বিআইপি'র সম্মানিত সদস্যদের সাথে একটি মতবিনিময় সভা বিগত ০১ জুন ২০২২ (বুধবার), রাত ৮.০০ টায় অলকার মোড়, রাজশাহীতে অবস্থিত হোটেল মাষ্টার শেফ এ অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এর সভাপতি পরিকল্পনাবিদ ফজলে রেজা সুমন। সভায় বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (রাজশাহী চ্যাপ্টার) এর নির্বাহী পরিষদ পুনর্গঠন এবং রাজশাহী মহানগরীর পরিকল্পনা সংশ্লিষ্ট বিষয়ে আলোচনা করা হয়।

## 'গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীনস্থ সংস্থা সমূহে পরিকল্পনাবিদদের অনুমোদিত শূন্য পদ পূরণ প্রসঙ্গে আলচনা সভা'

৭ জুন ২০২২

বি.আই.পি.'র সভাপতি পরিকল্পনাবিদ ফজলে রেজা সুমন এর নেতৃত্বে ইনস্টিটিউট সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান, সহ-সভাপতি ২, পরিকল্পনাবিদ ড. শফিক-উর-রহমান এবং কোষাধ্যক্ষ পরিকল্পনাবিদ ড. মুঃ মোসলেহ উদ্দীন হাসান বি.আই.পি.'র প্রতিনিধি হিসেবে উপস্থিত ছিলেন। এ সময় গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীনস্থ সংস্থা সমূহে পরিকল্পনাবিদদের অনুমোদিত শূণ্যপদ সমূহের একটি তালিকা হস্তান্তর করেন এবং শূন্যপদ সমূহে পরিকল্পনাবিদদের নিয়োগের লক্ষ্যে সংশ্লিষ্ট সংস্থা সমূহকে সদয় নির্দেশনা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ জানান।






## বিশ্ব পরিবেশ দিবস উদযাপন ও স্বচ্ছ এবং জবাবদিহিতামূলক বিআইপি' প্রতিপাদ্যে আয়োজিত 'মিট দ্য মেম্বারস' শীর্ষক অনুষ্ঠানমালা

১০ জুন ২০২২

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বি.আই.পি.) এর উদ্যোগে বিগত ১০ জুন ২০২২ বিভিন্ন অনুষ্ঠানমালার মাধ্যমে 'বিশ্ব পরিবেশ দিবস' উদযাপন করা হয়। দিবসটি উদযাপনে বিআইপি'র সাথে সহ-আয়োজক হিসেবে ছিল বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় এর নগর ও অঞ্চল পরিকল্পনা (ইউআরপি) বিভাগ এবং সেভ দ্য চিলড্রেন। এছাড়াও স্পন্সর পার্টনার ছিল গ্রেট ওয়াল সিরামিকস। বিশ্ব পরিবেশ দিবস উদযাপনের প্রথম পর্বে সকাল ১১.০০ টায় ঢাকা মহানগরীর বিভিন্ন স্কুল এবং কলেজ এর শিক্ষার্থীদের অংশগ্রহণে চিত্রাঙ্কন ও কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় এবং বিজয়ীদের মাঝে পুরষ্কার বিতরণ করা হয়। পরবর্তীতে বিকাল ৪.০০টায় বিআইপি'র সভাপতি পরিকল্পনাবিদ মোহাম্মদ ফজলে রেজা সুমন এর সভাপতিত্বে এবং বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় এর নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের সহকারী অধ্যাপক ড. নীলোপল অদ্রি এর সঞ্চালনায় অনুষ্ঠিত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এর মাননীয় মেয়র ব্যারিষ্টার শেখ ফজলে নূর তাপস। সেমিনারে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ শহীদ উল্লা খন্দকার এবং জিআইজেড বাংলাদেশ এর এ্যাডাপটেশন অব আরবান এরিয়াস টু ক্লাইমেট চেইঞ্জ এর প্রোগ্রাম কোঅর্ডিনেটর ড. ডানা দে লা ফনটেইন। এছাড়াও সেমিনারে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় এর মাননীয় উপাচার্য অধ্যাপক ড. সত্য প্রসাদ মজুমদার। সেমিনারে স্বাগত বক্তব্য রাখেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় এর নগর ও অঞ্চল পরিকল্পনা (ইউআরপি) বিভাগ এর বিভাগীয় প্রধান অধ্যাপক ড. আফসানা হক এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক প্রণীতব্য জাতীয় অভিযোজন পরিকল্পনা (NAP) সম্পর্কিত মূল প্রবন্ধ উপস্থাপন করেন জাতীয় অভিযোজন পরিকল্পনা (NAP) প্রণয়ন প্রকল্প এর টিম লিডার অধ্যাপক ড. আইনুন নিশাত। পরবর্তীতে সন্ধ্যা ৭.৩০ টায় 'স্বচ্ছ এবং জাবাবদিহিতা মূলক বিআইপি' প্রতিপাদ্যে বিআইপি'র সভাপতি পরিকল্পনাবিদ মোহাম্মদ ফজলে রেজা সুমন এর সঞ্চালনায় 'মিট দ্য মেম্বারস' শীর্ষক এক অনুষ্ঠানমালার আয়োজন করা হয়। বিআইপি-র ১৫তম কার্যনির্বাহী পরিষদ এর কার্যক্রম সমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন, সম্মানিত সদস্যগনের সরাসরি প্রশ্নোত্তর পর্ব, ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান প্রভৃতি এই অনুষ্ঠানের অন্তর্ভূক্ত ছিল। উক্ত অনুষ্ঠানে বিআইপির সাধারণ সম্পাদক, পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান তার উপস্থাপিত প্রতিবেদনে ১৫ তম কার্যনির্বাহী পরিষদের দ্বি-বার্ষিক কর্ম পরিকল্পনা উপস্থাপন করেন । এছাড়াও তিনি এসময় ১৫তম কার্যনির্বাহী পরিষদ এর কার্যক্রম সমূহের বাস্তবায়ন অগ্রগতি এবং চলমান কার্যক্রমের একটি সংক্ষিপ্ত চিত্র উপস্থিত সদস্যদের সামনে উপস্থাপন করেন। পরবর্তীতে বিআইপি'র কার্যনিবাহী পরিষদের সাথে উপস্থিত সদস্যদের সরাসরি প্রশ্নোত্তর পর্ব অনুষ্ঠিত হয়। এসময় উপস্থিত সদস্যগণ বর্তমান নির্বাহী পরিষদের চলমান কার্যক্রমে সন্তোষ প্রকাশ করেন। এসময় সদস্যগণ চলমান কার্যক্রমের উত্তরোত্তর সফলতা প্রত্যাশা করেন এবং কার্যক্রমের গতিশীলতা বৃদ্ধির জন্য সুচিন্তিত পরামর্শ প্রদান করেন। একইসাথে এসময় সদস্যদের মধ্য থেকে বিআইপি'র চলমান কার্যক্রমসমূহ সম্পর্কে বিভিন্ন প্রশ্ন উত্থাপিত হয় যার সুস্পষ্ট ব্যাখ্যাসহ বিআইপির সম্মানিত সভাপতি পরিকল্পনাবিদ মোহাম্মদ ফজলে রেজা সুমন উত্তর প্রদান করেন।



## নগর পরিকল্পনাবিদদের জন্য শিশুবান্ধব নগর পরিকল্পনা বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা

১১ জুন ২০২২

সেভ দ্য চিলড্রেন এবং বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এর যৌথ উদ্যোগে বিগত ১১ ই জুন ২০২২ (শনিবার), সকাল ০৯.৩০ টায় ঢাকার হোটেল আমারি, গুলশান-২ এ নগর পরিকল্পনাবিদদের জন্য শিশুবান্ধব নগর পরিকল্পনা বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এর সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান এর সঞ্চালনায় প্রশিক্ষণ কর্মশালার শুভ উদ্বোধন করেন বিআইপি'র সভাপতি পরিকল্পনাবিদ ফজলে রেজা সুমন এবং স্বাগত বক্তব্য রাখেন সেভ দ্য চিলড্রেন এর কর্মসূচি পরিচালক রিফাত বিন সাত্তার। এছাড়াও কর্মশালায় বিশেষজ্ঞ প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন খুলনা বিশ্ববিদ্যালয় এর নগর ও গ্রামীণ পরিকল্পনা ডিসিপ্লিন এর অধ্যাপক পরিকল্পনাবিদ ড. আহসানুল কবীর, সেভ দ্য চিলড্রেন এর কর্মসূচি পরিচালক জনাব রিফাত বিন সাত্তার,

বাংলাদেশ পরিবেশ আন্দোলন এর যুগ্ম সম্পাদক স্থপতি ইকবাল হাবীব, খুলনা বিশ্ববিদ্যালয় এর নগর ও গ্রামীণ পরিকল্পনা ডিসিপ্লিন এর সহযোগী অধ্যাপক পরিকল্পনাবিদ ড. শিল্পী রায়, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এর নগর পরিকল্পনাবিদ জনাব মোঃ মঈনুল ইসলাম, বিআইপির সাবেক সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খান এবং বিআইপি'র সাবেক সভাপতি পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আকতার মাহমুদ। প্রশিক্ষণ কর্মশালায় সমাপনী বক্তব্য রাখেন সেভ দ্য চিলড্রেন এর কর্মসূচি ব্যাবস্থাপক জনাব সাইমন রহমান এবং বিআইপি'র নির্বাহী পরিষদ সদস্য (একাডেমিক এফেয়ার্স) পরিকল্পনাবিদ তামজিদুল ইসলাম।





**বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এবং প্রজেক্ট ম্যানেজমেন্ট ইনস্টিটিউট বাংলাদেশ এর মধ্যে পারস্পরিক উন্নয়ন কর্মকান্ডে সহযোগিতা প্রদানের লক্ষ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষর।** *১৬ জুলাই ২০২২*

১৬ জুলাই ২০২২ তারিখে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এবং প্রজেক্ট ম্যানেজমেন্ট ইনস্টিটিউট বাংলাদেশ এর মধ্যে পারস্পরিক উন্নয়ন কর্মকান্ডে সহযোগিতা প্রদানের লক্ষ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। এই সমঝোতা স্মারক স্বাক্ষরের মাধ্যমে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এবং প্রজেক্ট ম্যানেজমেন্ট ইনস্টিটিউট বাংলাদেশ পারস্পরিক জ্ঞান, পেশাগত দক্ষতা ও অভিজ্ঞতা বিনিময়ের মধ্য দিয়ে সদস্যদের প্রকল্প পরিচালনার দক্ষতা বৃদ্ধিতে বিভিন্ন ধরনের কর্মসূচী পরিচালনার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করেন।

এসময় বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এর পক্ষ থেকে বিআইপি'র সভাপতি পরিকল্পনাবিদ ফজলে রেজা সুমন, সহ-সভাপতি ১ পরিকল্পনাবিদ মুহাম্মদ আরিফুল ইসলাম এবং সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান এবং প্রজেক্ট ম্যানেজমেন্ট ইনস্টিটিউট বাংলাদেশ এর প্রেসিডেন্ট অম্বেষা আহমেদ পিএমপি, কে এম রেফাউল এহসান পিএমপি, পরিচালক (প্রফেশনাল ডেভেলপমেন্ট) এবং মাহমুদ তাসীন চৌধুরী পিএমপি, পরিচালক (আউটরীচ প্রোগ্রাম) উপস্থিত ছিলেন।

## বাংলাদেশ ইন্সটিটিউট অব প্ল্যানার্স (বি.আই.পি.) এর ১৫তম কার্যনির্বাহী পরিষদের ০৬ষ্ঠ সভা

*২৫ জুন ২০২২*

২৫শে জুন ২০২২ এ বাংলাদেশ ইন্সটিটিউট অব প্ল্যানার্স (বি.আই.পি.) এর ১৫তম কার্যনির্বাহী পরিষদের ০৬ষ্ঠ সভা বি.আই.পি. সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভায় দেশীয় অর্থায়নে স্বপ্নের পদ্মাসেতু নির্মাণ এবং আজকে এর উদ্বোধন এর মাধ্যমে সর্বসাধারণের জন্য উন্মুক্ত করে দেওয়ার জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা-র প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করা হয়। বি.আই.পি. বিশ্বাস করে দেশীয় সক্ষমতার প্রতীক ৬.১৫ কিলোমিটার দীর্ঘ এ সেতুর মাধ্যমে দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের আর্থ-সামাজিক অবস্থার সাথে সাথে জনমানুষের সত্যিকারের জীবনমান-এর উন্নয়ন ঘটবে। ২১টি জেলার সঙ্গে যোগাযোগ বৃদ্ধির ফলে বিনিয়োগ এবং নাগরিক ও গ্রামীণ অবকাঠামো সম্প্রসারণের মাধ্যমে উন্নয়নের এক নতুন মাত্রা যোগ হবে বলে বি.আই.পি. মনে করে। সভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা-র নেতৃত্বে পদ্মা সেতুর মতো একটি সুবিবেচিত ও সুপরিকল্পিত অবকাঠামো নির্মাণের পরবর্তী ধাপে দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে আরও সুপরিকল্পিত জনবান্ধব অবকাঠামো গড়ে উঠবে বলে প্রত্যাশা ব্যক্ত করা হয়। ২০৪১ এর উন্নত আয়ের বাংলাদেশ নির্মানে এ বৃহৎ প্রকল্প এর সাথে সরকারি এবং বেসরকারিভাবে সরাসরি সম্পৃক্ত সকলকে বি.আই.পি.-র পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা এবং অভিনন্দন জানানো হয়। সভায় পরিকল্পিত বাংলাদেশ বিনির্মানের এই অগ্রযাত্রায় বি.আই.পি.র পক্ষ থেকে সরকারকে সবধরনের সহযোগিতা করার দৃঢ় অঙ্গীকার করা হয়।



**বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বি.আই.পি.)'র ১৫তম কার্যনির্বাহী পরিষদের একটি প্রতিনিধিদল ৩১ জুলাই ২০২২ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর স্থানীয় সরকার বিভাগের সচিব জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী এর সাথে একটি সৌজন্য সাক্ষাত করেন।**

*৩১ জুলাই ২০২২*

সাক্ষাতে বি.আই.পি.'র সভাপতি পরিকল্পনাবিদ মোহাম্মদ ফজলে রেজা সুমন এর নেতৃত্বে ইনস্টিটিউট সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান, যুগ্ম সম্পাদক পরিকল্পনাবিদ মোহাম্মদ রাসেল কবির, ঢাকা দক্ষিন সিটি কর্পোরেশনের নগর পরিকল্পনাবিদ জনাব নজরুল ইসলাম এবং বি.আই.পি.'র গর্ভনেন্স এডভাইজার জনাব মোঃ আনোয়ারুল ইসলাম সিকদার এনডিসি বি.আই.পি.'র র প্রতিনিধি হিসেবে উপস্থিত ছিলেন। এসময় বিআইপি'র সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান বিআইপি'র পক্ষ থেকে বাংলাদেশ সরকার এর স্থানীয় সরকার বিভাগের অধীনস্থ বিভিন্ন সংস্থা'র 'পরিকল্পনাবিদ' সংশ্লিষ্ট শূণ্যপদ সমূহের একটি তালিকা স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়ের নিকট হস্তান্তর করেন এবং দ্রুততর সময়ে এ সকল শূণ্যপদ সমূহে নিয়োগ প্রক্রিয়া শুরু এবং প্রযোজ্য ক্ষেত্রে নিয়োগের শর্ত হিসাবে নগর পরিকল্পনা বিষয়ে স্নাতক ডিগ্রীকে স্বীকৃতি দেয়ার ব্যবস্থা গ্রহণের ব্যাপারে কার্যকর ভূমিকা গ্রহণের জন্য অনুরোধ জানান। এছাড়াও পল্লী উন্নয়ন একাডেমীর আঙ্গিকে নগর উন্নয়ন একাডেমী প্রতিষ্ঠার ধারণা নিয়ে আলোচনা করা হয়। এছাড়াও স্থানীয় সরকার বিভাগ এবং বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এর পারস্পরিক সম্পর্ক সম্প্রসারণের সম্ভাবনা বিষয় নিয়ে আলোচনা করা হয়।




বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বি.আই.পি.)'র ১৫তম কার্যনির্বাহী পরিষদের একটি প্রতিনিধিদল গত ৩১ জুলাই ২০২২ তারিখে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) চেয়ারম্যান মোঃ আনিছুর রহমান মিঞা, পিএএ এর সাথে একটি সৌজন্য সাক্ষাত করেন।

৩১ জুলাই ২০২২

সাক্ষাতে বি.আই.পি.'র সভাপতি পরিকল্পনাবিদ মোহাম্মদ ফজলে রেজা সুমন এর নেতৃত্বে পরিকল্পনাবিদ মোঃ আশরাফুল ইসলাম, পরিকল্পনাবিদ মোঃ রায়হানুল ইসলাম এবং পরিকল্পনাবিদ নবায়ন খীসা বি.আই.পি.'র প্রতিনিধি হিসেবে উপস্থিত ছিলেন। এ সময় বিআইপি'র সভাপতি পরিকল্পনাবিদ মোহাম্মদ ফজলে রেজা সুমন রাজউক চেয়ারম্যান এর সাথে পূর্বাচল নতুন শহর প্রকল্পে এস. আই. এস. ক্যাটাগরিতে প্রাতিষ্ঠানিক প্লট বরাদ্দ এবং পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে আলোচনা করেন।





বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বি.আই.পি.)'র ১৫তম কার্যনির্বাহী পরিষদের একটি প্রতিনিধিদল ৮ আগস্ট ২০২২ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব শরীফ আহমেদ এর সাথে একটি সৌজন্য সাক্ষাত করেন।

০৮ আগষ্ট ২০২২

সাক্ষাতে বি.আই.পি.'র সভাপতি পরিকল্পনাবিদ মোহাম্মদ ফজলে রেজা সুমন এর নেতৃত্বে ইনস্টিটিউট এর সহ-সভাপতি-২ পরিকল্পনাবিদ ড. মোঃ শফিক-উর-রহমান, রাজউক এর নগর পরিকল্পনাবিদ মোঃ আশরাফুল ইসলাম বি.আই.পি.'র প্রতিনিধি হিসেবে উপস্থিত ছিলেন। এ সময় বিআইপি'র সভাপতি বাংলাদেশের সামগ্রিক উন্নয়ন কর্মকান্ডে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বি.আই.পি.)'র সম্পৃক্ততা সম্পর্কে প্রতিমন্ত্রীকে অবহিত করেন। পরিকল্পনা ও উন্নয়ন সংশ্লিষ্ট জাতীয় এবং স্থানীয় পর্যায়ে গবেষণা কর্ম পরিচালনা এবং পেশাগত উন্নয়নে নিয়মিত নানা ধরনের কর্মসূচী গ্রহণ করার পাশাপাশি সরকারি বিভিন্ন আইন ও বিধিমালা প্রণয়নসহ, উন্নয়ন পরিকল্পনা এবং প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন প্রক্রিয়ায় বিভিন্ন কারিগরি কমিটি সমূহে প্রতিনিধি ও মতামত প্রেরণের মাধ্যমে বি.আই.পি. টেকসই বাংলাদেশ বিনির্মাণে বর্তমান সরকার কে সকল ধরনের কারিগরী সহযোগিতা প্রদান করে আসছে বলে তিনি জানান। এছাড়াও গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সাথে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এর পারস্পরিক সম্পর্ক সম্প্রসারণের সম্ভাবনা বিষয় নিয়েও আলোচনা করা হয়।

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বি.আই.পি.)'র ১৫তম কার্যনির্বাহী পরিষদের একটি প্রতিনিধিদল ১১ আগস্ট ২০২২ তারিখে জাপান আন্তর্জাতিক সহযোগিতা সংস্থার (জাইকা) বাংলাদেশের প্রধান প্রতিনিধি হায়াকাওয়া ইউহো এর সাথে জাইকা বাংলাদেশ অফিসে একটি সৌজন্য সাক্ষাত করেন।

১১ আগষ্ট ২০২২

সাক্ষাতে বি.আই.পি.'র সভাপতি পরিকল্পনাবিদ মোহাম্মদ ফজলে রেজা সুমন এবং বি.আই.পি.'র সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান প্রতিনিধি হিসেবে উপস্থিত ছিলেন। এ সময় বিআইপি'র সভাপতি পরিকল্পনাবিদ মোহাম্মদ ফজলে রেজা সুমন জাইকার প্রধান প্রতিনিধিকে বি.আই.পি. কার্যক্রম সম্পর্কে অবহিত করেন এবং বি.আই.পি.'র সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান বি.আই.পি.'র ভবিষ্যৎ কর্মপরিকল্পনা উপস্থাপন করেন। একই সাথে বিআইপি-র তৃতীয় আইসিইউআরপি তে জাইকাকে অংশগ্রহন এর জন্য আমন্ত্রণ জানান। এছাড়াও উভয়ের পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়সহ নগরীর অবকাঠামো উন্নয়ন ও নগর পরিচালনা ব্যবস্থা উন্নয়নের চলমান কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়।





## বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এর উদ্যোগে একটি জব ফেয়ার বিআইপি কনফারেন্স হলরুমে আয়োজন

২৬ আগষ্ট ২০২২

বিগত ২৬ আগস্ট ২০২২ (শুক্রবার), সকাল ১০.০০ টা থেকে সন্ধ্যা ৬.০০ টা পর্যন্ত বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এর উদ্যোগে একটি জব ফেয়ার বিআইপি কনফারেন্স হলরুমে আয়োজন করা হয়। বিআইপি'র প্রেসিডেন্ট পরিকল্পনাবিদ মোঃ ফজলে রেজা সুমন এর সভাপতিত্বে জব ফেয়ার এর উদ্বোধনী সেশনে স্বাগত বক্তব্য রাখেন বিআইপি'র যুগ্ম সম্পাদক এবং জব ফেয়ার আয়োজন উপকমিটির আহ্বায়ক পরিকল্পনাবিদ মোহাম্মদ রাসেল কবির। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করেন ব্র্যাক বাংলাদেশ এর নির্বাহী পরিচালক জনাব আসিফ সালেহ। এছাড়াও উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিআইপি'র সাবেক সভাপতি পরিকল্পনাবিদ ড. এ কে এম আবুল কালাম, সাবেক সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ ড. গোলাম মোর্তুজা,



প্রতিষ্ঠাকালীন সদস্য ও সাবেক সহ সভাপতি পরিকল্পনাবিদ শওকত আলী খান, সাবেক উপদেষ্টা পরিষদ সদস্য পরিকল্পনাবিদ ড. মোঃ জহুরুল হক, সিনিয়র ফেলো পরিকল্পনাবিদ মহসিন উদ্দীন আহম্মেদ, বিআইপি'র উপদেষ্টা পরিষদ সদস্য এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রী পরিষদ বিভাগের অতিরিক্ত সচিব পরিকল্পনাবিদ ড. মোঃ গোলাম ফারুক এবং বিআইপি'র গভর্নেন্স এডভাইজার জনাব মোঃ আনোয়ারুল ইসলাম সিকদার, এনডিসি। অনুষ্ঠানের দ্বিতীয় পর্যায়ে পরিকল্পনাবিদদের ক্যারিয়ার সংক্রান্ত দিকনির্দেশনা দেওয়ার উদ্দেশ্যে ক্যারিয়ার টকের আয়োজন করা হয়।

উক্ত অনুষ্ঠানে বিশেষজ্ঞ বক্তা হিসেবে কর্মক্ষেত্রে প্রয়োজনীয় দক্ষতা অর্জন এবং গ্লোবাল ক্যারিয়ার গড়ে তোলার পদ্ধতি সম্পর্কে আলোচনা করেন ওয়ার্ল্ড ব্যাংক বাংলাদেশ এর সিনিয়র ট্রান্সপোর্ট স্পেশালিস্ট জনাব রাজেশ রোহাতগি এবং প্রজেক্ট ম্যানেজমেন্ট ইনস্টিটিউট বাংলাদেশ এর পরিচালক ভলান্টিয়ার শেখ নওরিন লায়লা পিইঞ্জ পিএমপি। এছাড়াও ইউআরপি বিভাগ, চুয়েট এর বিভাগীয় প্রধান এবং কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষের বোর্ড সদস্য অধ্যাপক ড. রাশিদুল হাসান উদয় পরিকল্পনাবিদদের নিয়োগ সংক্রান্ত জটিলতা উল্লেখপূর্বক কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষে পরিকল্পনাবিদদের নিয়োগ সংক্রান্ত বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করেন। উক্ত জব ফেয়ারে বিভিন্ন দেশীয় এবং আন্তর্জাতিক বেসরকারি প্রতিষ্ঠান, রিয়েল এস্টেট/ডেভেলপার প্রতিষ্ঠান, পরিকল্পনা সংশ্লিষ্ট পরামর্শক প্রতিষ্ঠান অংশ গ্রহণ করেন। যোগদানকারী প্রতিষ্ঠানের মধ্যে এসমেক, শেলটেক কনসালট্যান্টস লিমিটেড, ডেভেলপমেন্ট ডিজাইন কনসালট্যান্টস (ডিডিসি) লিমিটেড, ইস্টার্ন হাউজিং লিমিটেড, ত্রয়ী এসোসিয়েটস, জিওমার্ক লিমিটেড, টিলার, দেশ উপদেশ লিমিটেড, প্ল্যানিং-ডিজাইন এবং রিসার্চ কনসালট্যান্ট (পিডিআরসি), ডিএম ওয়াচ, একুমেন আর্কিটেক্টস এন্ড প্ল্যানার্স লিমিটেড, নগর সলুশন এন্ড দেশ লিংক বিশেষভাবে উল্লেখযোগ্য।


## 'বিশদ অঞ্চল পরিকল্পনা (ড্যাপ) ২০২২-২০৩৫' এর পরিপূর্ণ বাস্তবায়নঃ ২০৪১ সাল নাগাদ উন্নত রাষ্ট্র গঠনের রোডম্যাপ বাস্তবায়নে বিআইপির দাবী শীর্ষক সংবাদ সম্মেলন

০৩ সেপ্টেম্বর ২০২২



বিগত ০৩ সেপ্টেম্বর ২০২২ (শনিবার), দুপুর ২.৩০ টায় ঢাকাস্থ প্ল্যানার্স টাওয়ারে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) এর উদ্যোগে গেজেটভুক্ত ঢাকা মহানগর এলাকার 'বিশদ অঞ্চল পরিকল্পনা (ড্যাপ) ২০২২-২০৩৫' এর পরিপূর্ণ বাস্তবায়নঃ ২০৪১ সাল নাগাদ উন্নত রাষ্ট্র গঠনের রোডম্যাপ বাস্তবায়নে বিআইপি'র দাবী শীর্ষক এক সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) এর যুগ্ম সম্পাদক পরিকল্পনাবিদ মোহাম্মদ রাসেল কবির এর সঞ্চালনায় সংবাদ সম্মেলনে সভাপতিত্ব করেন পরিকল্পনাবিদ ফজলে রেজা সুমন। এছাড়াও সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন ইনস্টিটিউট এর সহ-সভাপতি পরিকল্পনাবিদ মুহাম্মদ আরিফুল ইসলাম এবং পরিকল্পনাবিদ অধ্যাপক ড. শফিক-উর রহমান, কোষাধ্যক্ষ পরিকল্পনাবিদ অধ্যাপক ড. মু. মুসলেহ উদ্দীন হাসান, সাবেক সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খান, বোর্ড সদস্য পরিকল্পনাবিদ তামজিদুল ইসলাম, পরিকল্পনাবিদ মোঃ রেজাউর রহমান ও পরিকল্পনাবিদ হামিদুল হাসান নবীন। একইসাথে উপস্থিত ছিলেন বিআইপি উপদেষ্টা পরিষদের আহ্বায়ক পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আকতার মাহমুদ এবং উপদেষ্টা পরিষদ সদস্য পরিকল্পনাবিদ শওকত আলী খান।

সংবাদ সম্মেলনে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এর পক্ষে প্রতিবেদন উপস্থাপন করেন ইনস্টিটিউট এর সভাপতি পরিকল্পনাবিদ ফজলে রেজা সুমন। প্রতিবেদনের শুরুতেই তিনি বিশদ অঞ্চল পরিকল্পনা ২০২২-২০৩৫ এর গুরুত্বপূর্ণ প্রস্তাবনাসমূহের উপর আলোকপাত করেন।



## 'ইমারত নির্মাণ বিধিমালা, ১৯৯৬ এবং বিআইপি প্রফেশনাল কোড অব এথিক্স' শীর্ষক এক পেশাজীবী প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

১৫ সেপ্টেম্বর ২০২২

বিগত ১২ সেপ্টেম্বর ২০২২ (সোমবার) বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এর উদ্যোগে 'ইমারত নির্মাণ বিধিমালা, ১৯৯৬ এবং বিআইপি প্রফেশনাল কোড অব এথিক্স' শীর্ষক এক পেশাজীবী প্রশিক্ষণ কর্মশালা অনলাইন মাধ্যমে আয়োজন করা হয়। বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এর বোর্ড সদস্য (একাডেমিক এফেয়ার্স), পরিকল্পনাবিদ তামজিদুল ইসলাম এর তত্ত্বাবধানে উক্ত প্রশিক্ষণ কর্মশালায় প্রশিক্ষক হিসেবে ছিলেন নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এর নগর পরিকল্পনাবিদ জনাব মোঃ মঈনুল ইসলাম। উক্ত প্রশিক্ষণ কর্মশালায় নগর পরিকল্পনাবিদ পেশাজীবীরা অংশগ্রহণ করেন।





## Training Workshop on Child Sensitive Urban Planning: Reshaping the Cities for Children & Youth

০১ অক্টোবর ২০২২

সেভ দ্য চিলড্রেন এবং বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এর যৌথ উদ্যোগে অদ্য ০১ অক্টোবর ২০২২ (শনিবার), সকাল ০৯.৩০ টায় বিআইপি কনফারেন্স হলরুম এ নগর পরিকল্পনাবিদদের জন্য শিশুবান্ধব নগর পরিকল্পনা বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এর সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান এর সঞ্চালনায় প্রশিক্ষণ কর্মশালার শুভ উদ্বোধন করেন বিআইপি'র সভাপতি পরিকল্পনাবিদ ফজলে রেজা সুমন। এছাড়াও কর্মশালায় বিশেষজ্ঞ প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন সেভ দ্য চিলড্রেন এর জ্যেষ্ঠ কর্মকর্তা ওবায়দুল ইসলাম, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এর নগর পরিকল্পনাবিদ জনাব মোঃ মঈনুল ইসলাম, বিআইপি'র সাবেক সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খান। প্রশিক্ষণ কর্মশালায় সমাপনী বক্তব্য রাখেন সভাপতি পরিকল্পনাবিদ ফজলে রেজা সুমন। এছাড়াও প্রশিক্ষণ কর্মশালায় উপস্থিত ছিলেন বিআইপি'র নির্বাহী পরিষদ সদস্য (একাডেমিক এফেয়ার্স) পরিকল্পনাবিদ তামজিদুল ইসলাম।





## “বাসযোগ্য ঢাকা - কতদূর?” শীর্ষক বিশেষ আলোচনা অনুষ্ঠান

১৯ অক্টোবর ২০২২

১৯ অক্টোবর নাগরিক টিভি এর উদ্যোগে “বাসযোগ্য ঢাকা - কতদূর?” শীর্ষক বিশেষ আলোচনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ তাজুল ইসলাম, এমপি, মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয় এবং বিশেষ অতিথি ছিলেন শেখ ফজলে ফাহিম, সাবেক সভাপতি, এফবিসিসিআই। এছাড়াও উক্ত আলোচনা সভায় উপস্থিত ছিলেন বি.আই.পি প্রেসিডেন্ট ফজলে রেজা সুমন, স্থপতি ইকবাল হাবিব, পরিকল্পনাবিদ আশরাফুল ইসলাম, প্রকল্প পরিচালক, ড্যাপ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. শামসুল হক, ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউট, বাংলাদেশ-এর সভাপতি নুরুল হুদা, বাংলাদেশ পরিবেশ আইনজীবী সমিতির (বেলা) প্রধান নির্বাহী সৈয়দা রিজওয়ানা হাসান প্রমুখ।



## প্ল্যানিং স্টুডেন্ট কনভেনশন ২০২২ অনুষ্ঠিত

৩-৪ নভেম্বর ২০২২

পৃথিবীকে পরিকল্পিত ও মানুষের বাসযোগ্য হিসেবে গড়ে তোলার প্রত্যয়ে এবং নগর পরিকল্পনার চিন্তা-চেতনা ও গুরুত্বকে সারা বিশ্বে পরিচিতকরণের উদ্দেশ্য বিশ্বের বিভিন্ন দেশে ন্যায় এ বছরও বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এর উদ্যোগে বিভিন্ন কর্মসূচীর মাধ্যমে বিশ্ব নগর পরিকল্পনা দিবস উদযাপন করা হয়েছে। এরই ধারাবাহিকতায় বিশ্ব নগর পরিকল্পনা দিবস ২০২২ উদযাপনের অংশ হিসেবে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) এবং চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের যৌথ উদ্যোগে বিগত ৩ নভেম্বর ২০২২ তারিখে দুই দিনব্যাপী প্ল্যানিং স্টুডেন্ট কনভেনশন এর শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়। দুই দিনব্যাপী এ কনভেনশনে পরিকল্পনা শিক্ষার্থীদের অংশগ্রহণে বিইউআরপি থিসিস এবং গবেষণা/স্টুডেন্ট উপস্থাপনা, তথ্যচিত্র, পোস্টার ও আলোকচিত্র প্রদর্শনী, শিশু সংবেদনশীল নগর পরিকল্পনা কর্মশালা, সাংস্কৃতিক অনুষ্ঠান প্রভৃতি কর্মসূচী অন্তর্ভূক্ত ছিল। এবারের প্ল্যানিং স্টুডেন্ট কনভেনশনের আয়োজন করা হয় চুয়েট ক্যাম্পাসে। কনভেনশনে অংশগ্রহণকারী বিশ্ববিদ্যালয়গুলো হচ্ছে- বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, খুলনা বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।




## World Cities Day 2022 উপলক্ষে “পরিকল্পিত নগর - টেকসই উন্নয়ন - সমৃদ্ধ জীবনমানঃ প্রেক্ষিত ঢাকা” শীর্ষক মতবিনিময় সভা অনুষ্ঠিত

২২ অক্টোবর ২০২২

বিগত ২২ অক্টোবর ২০২২ (শনিবার), সকাল ১০.৩০ টায়, রাজধানী প্ল্যানার্স টাওয়ারের বিআইপি কনফারেন্স হলে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) এর উদ্যোগে World Cities Day ২০২২ (বিশ্ব নগর দিবস ২০২২) উপলক্ষে “পরিকল্পিত নগর - টেকসই উন্নয়ন - সমৃদ্ধ জীবনমানঃ প্রেক্ষিত ঢাকা” শীর্ষক একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এর সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান এর সঞ্চালনায় মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন বিআইপি'র সভাপতি পরিকল্পনাবিদ ফজলে রেজা সুমন। সভায় বিশেষজ্ঞ আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ (আইইবি) এর প্রেসিডেন্ট প্রকৌ. মোঃ নুরুল হুদা, বিআইপি উপদেষ্টা পরিষদ এর আহ্বায়ক অধ্যাপক ড. আকতার মাহমুদ, বিআইপি'র সাবেক সভাপতি পরিকল্পনাবিদ ড. সারোয়ার জাহান এবং পরিকল্পনাবিদ ড. এ কে এম আবুল কালাম, বিআইপি'র সাবেক সহ-সভাপতি পরিকল্পনাবিদ শওকত আলী খান, বিআইপি'র সাবেক সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ ড. তসলিম শাকুর এবং ড. আদিল মুহাম্মদ খান, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এর যুগ্ম সচিব (এমআরটি অধিশাখা) জনাব মোঃ আনিসুর রহমান, সেন্টার ফর হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ এর নির্বাহী পরিচালক প্রকৌ. আবু সাদেক, পিইঞ্জ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় এর স্থাপত্য বিভাগের অধ্যাপক ড. খন্দকার সাব্বির আহমেদ, বিশদ অঞ্চল পরিকল্পন প্রকল্পের প্রকল্প পরিচালক পরিকল্পনাবিদ মোঃ আশরাফুল ইসলাম, নগর গবেষণা কেন্দ্র এর কার্যনির্বাহী পরিষদ সদস্য জনাব মোঃ মারুফ হোসেন, নগর সাংবাদিক ফোরাম সদস্য জনাব মোঃ তাওফিক আলী প্রমুখ।

> “
> A city is not an accident but the result of coherent vision and aims.
>
> Leon Krier





# মহান বিজয় দিবস ২০২২ উদযাপন

*১৬ ডিসেম্বর ২০২২*

প্রতি বছরের ন্যায় এবছরও ১৬ ডিসেম্বর ২০২২ মহান বিজয় দিবস উপলক্ষে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) এর পক্ষ থেকে সাভারে অবস্থিত জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে মহান মুক্তিযুদ্ধের বীর শহীদসহ জাতির স্বাধীনতা ও মুক্তি সংগ্রামে অবদান রাখা সকল আত্নত্যাগকারীদের প্রতি গভীর সম্মান ও শ্রদ্ধাঞ্জলি জানানো হয়। এসময় বিআইপি'র সভাপতি পরিকল্পনাবিদ ফজলে রেজা সুমন, সহ সভাপতি-২ পরিকল্পনাবিদ ড. শফিক-উর রহমান, সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান, যুগ্ম সম্পাদক পরিকল্পনাবিদ মোহাম্মদ রাসেল কবির, বোর্ড সদস্য পরিকল্পনাবিদ তামজিদুল ইসলাম সহ বিআইপি'র সম্মানিত সদস্যগণ উপস্থিত ছিলেন। সকাল ১০:৩০ টায় সাভারস্থ জাতীয় স্মৃতিসৌধে সমবেত হয়ে পুষ্পার্ঘ্য অর্পণের মাধ্যমে দিবসটি উদযাপন করা হয়।



# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে 'প্ল্যানিং ফেস্টিভ্যাল' অনুষ্ঠিত

*১৭-২৩ ডিসেম্বর ২০২২*

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে বিগত ১৭ ডিসেম্বর ২০২২ থেকে ২৩ ডিসেম্বর ২০২২ পর্যন্ত নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় এর উদ্যোগে এবং বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) এর সহযোগিতায় সপ্তাহব্যাপী 'প্ল্যানিং ফেস্টিভ্যাল ২০২২" আয়োজন করা হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এর উপস্থিতিতে সমাজ-বিজ্ঞান অনুষদ থেকে জাঁকজমকপূর্ণ র‍্যালীর মাধ্যমে অনুষ্ঠানটির উদ্বোধন করা হয়। র‍্যালী পরবর্তী সমাজ-বিজ্ঞান অনুষদের গ্যালারি কক্ষে সেমিনার অনুষ্ঠানের মধ্য দিয়ে উদ্ভোধনী অনুষ্ঠানের সমাপ্তি ঘটে। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ নূরুল আলম। এছাড়াও, অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বি.আই.পি) এর সভাপতি পরিকল্পনাবিদ ফজলে রেজা সুমন এবং সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান। সপ্তাহব্যাপী অনুষ্ঠানমালায় সেমিনার ছাড়াও পরিকল্পনা বিষয়ক প্রদশর্নী, বিতর্ক প্রতিযোগিতা, কুইজ প্রতিযোগিতা, ক্যাম্পাস পরিচ্ছন্নতা কার্যক্রম, কেস কম্পিটিশন, উপস্থিত বক্তৃতা, প্রীতি ফুটবল, ক্রিকেট এবং ব্যাডমিন্টন ম্যাচ ও সাংস্কৃতিক অনুষ্ঠান অন্তর্ভূক্ত ছিল।









## বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এবং ইন্টারন্যাশনাল কাউন্সিল অন মনুমেন্টস অ্যান্ড সাইটস, বাংলাদেশ (ICOMOS Bangladesh) এর মধ্যে দেশের হেরিটেইজ সংরক্ষনে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরঃ

*৩১ ডিসেম্বর ২০২২*

৩১ ডিসেম্বর ২০২২ তারিখে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এবং ইন্টারন্যাশনাল কাউন্সিল অন মনুমেন্টস অ্যান্ড সাইটস, বাংলাদেশ (ICOMOS Bangladesh) এর মধ্যে বাংলাদেশের সাংস্কৃতিক ঐতিহ্য (Heritages) ও প্রত্নতাত্ত্বিক স্থাপনা/এলাকা/সংস্কৃতি সংরক্ষণ, ব্যবস্থাপনা, পরিকল্পনা ও উন্নয়ন বিষয়ক কর্মকান্ডে সহযোগিতা প্রদানের লক্ষ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। ICOMOS মূলত ইউনেস্কোর (UNESCO) ওয়ার্ল্ড হেরিটেজ কমিটির উপদেষ্টা সংস্থা হিসেবে বিশ্বব্যাপী ইউনেস্কো ওয়ার্ল্ড হেরিটেজ কনভেনশন বাস্তবায়নের জন্য কাজ করে থাকে। এই সমঝোতা স্মারক স্বাক্ষরের মাধ্যমে বি.আই.পি. এবং ICOMOS Bangladesh পারস্পরিক জ্ঞান, পেশাগত দক্ষতা ও অভিজ্ঞতা বিনিময়ের মধ্য দিয়ে বাংলাদেশে সাংস্কৃতিক ঐতিহ্য ও প্রত্নতাত্ত্বিক স্থাপনা/এলাকা সংরক্ষণে সদস্যদের জ্ঞান ও দক্ষতা বৃদ্ধিতে বিভিন্ন ধরনের কর্মসূচী খসড়া পরিকল্পনা করেন এবং চূড়ান্ত পরিকল্পনা বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করেন। এসময় বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এর পক্ষ থেকে বি.আই.পি.'র সভাপতি পরিকল্পনাবিদ ফজলে রেজা সুমন, সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান, ভাইস প্রেসিডেন্ট-১ পরিকল্পনাবিদ মুহাম্মদ আরিফুল ইসলাম, ভাইস প্রেসিডেন্ট-২ পরিকল্পনাবিদ ড. এম. শফিক-উর রহমান, যুগ্ম সম্পাদক পরিকল্পনাবিদ রাসেল কবির ও বোর্ড সদস্য (প্রফেশনাল এফেয়ার্স) পরিকল্পনাবিদ তামান্না বিনতে রহমান এবং ICOMOS Bangladesh এর সভাপতি ড. শরীফ শামস ইমন, সদস্য স্থপতি ও পরিকল্পনাবিদ রিয়াজুল হাসান কল্লোল ও সহযোগী সদস্য স্থপতি ইমামুর হোসেন উপস্থিত ছিলেন।

> “
> Cities have the capability of providing for everybody, only because, and only when, they are created by everybody.
>
> *Jane jacobs*





# প্ল্যানার্স ক্রিকেট টুর্নামেন্ট ২০২৩

১৩ জানুয়ারি ২০২৩

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) এর উদ্যোগে প্ল্যানার্স ক্রিকেট টুর্নামেন্ট ২০২৩, শুক্রবার ১৩ জানুয়ারি ২০২৩ ঢাকার খামার বাড়ি, ক্লেমন ইন্দিরা ক্রিকেট একাডেমীতে অনুষ্ঠিত হয়। প্রতি বছরের ন্যায়, দেশের নগর, অঞ্চল এবং গ্রামীণ পরিকল্পনাবিদদের জাতীয় পেশাজীবী প্রতিষ্ঠান বিআইপি পরিকল্পনাবিদদের মধ্যে ভাতৃত্বের বন্ধনকে শক্তিশালী ও সুদৃঢ় করার উদ্দেশ্যে এই টুর্নামেন্টের আয়োজন করে। বাংলাদেশের সাতটি পাবলিক বিশ্ববিদ্যালয়ের নগর ও অঞ্চল/গ্রামীণ পরিকল্পনা বিভাগের প্রাক্তন ছাত্র দ্বারা গঠিত সাতটি দল এই টুর্নামেন্টে অংশগ্রহণ করে। দিনব্যাপী এই টুর্নামেন্টের উদ্বোধন করেন ডেইলি স্টার সম্পাদক জনাব মাহফুজ আনাম। উদ্বোধনী অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বিআইপি সভাপতি পরিকল্পনাবিদ ফজলে রেজা সুমন ও সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ এস এম মেহেদী আহসান। এই টুর্নামেন্টের আহ্বায়ক ও বিআইপি'র বোর্ড সদস্য (মেম্বারশীপ এফেয়ার্স) পরিকল্পনাবিদ কাজী সালমান হোসেন উদ্বোধনী অধিবেশনটি সঞ্চালনা করেন। টুর্নামেন্টটিতে টেপ টেনিস বল দিয়ে নকআউট ফরম্যাটে মোট সাতটি ম্যাচ খেলা হয়। রাত আট টায় অনুষ্ঠিত ফাইনাল ম্যাচে প্রতিদ্বন্দিতা করেন খুলনা বিশ্ববিদ্যালয় প্ল্যানার্স অ্যালামনাই এবং জেইউ প্ল্যানার্স, যেখানে জেইউ প্ল্যানার্স টুর্নামেন্ট এ চ্যাম্পিয়ন হয়। পরবর্তীতে চ্যাম্পিয়ন এবং রানার্স আপ দলকে পুরষ্কার প্রদানের মাধ্যমে দিনব্যাপী টুর্নামেন্টটি শেষ হয়। Ostad (Online Learning App), Image Research & Consultancy Ltd., এবং DBOX Sports Complex এই টুর্নামেন্টটি স্পন্সর করে। উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে আরও উপস্থিত ছিলেন বিআইপি'র যুগ্ম সম্পাদক মোহাম্মদ রাসেল কবির, বোর্ড সদস্য হামিদুল হাসান নবীন, সাবেক সাধারণ সম্পাদক ড. আদিল মুহাম্মদ খান এবং সাতটি প্ল্যানিং স্কুল এর অ্যালামনাইগুলোর সভাপতি ও সাধারণ সম্পাদকগণ। মাঠে বিআইপি'র উপস্থিত সদস্যরা উৎসবমুখর পরিবেশে টুর্নামেন্টটি উপভোগ করেন।




## সিঙ্গাপুর ইনস্টিটিউট অব প্ল্যানার্সের সাথে সৌজন্য সাক্ষাত

২০ জানুয়ারি ২০২৩

বিগত ২০ জানুয়ারি ২০২৩ তারিখে, বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) এর সভাপতি পরিকল্পনাবিদ ফজলে রেজা সুমন, সিঙ্গাপুর ইনস্টিটিউট অব প্ল্যানার্সের সভাপতি জনাব জোকো প্রিহান্তো এবং সেক্রেটারী মিস কারেন থাম এর সাথে তাদের কার্যালয়ে সৌজন্য সাক্ষাত করেন। সৌজন্য সাক্ষাতের সময়, বিআইপি সভাপতি এই দুটি পরিকল্পনা প্রতিষ্ঠানের মধ্যে পেশাগত সম্পর্ক সম্প্রসারণের জন্য যৌথ সহযোগিতার প্রস্তাব উত্থাপন করেন। ফলপ্রসু আলোচনার পর, বিআইপি প্রেসিডেন্ট ফজলে রেজা সুমন তাদেরকে ১৫-১৭ মে ঢাকায় অনুষ্ঠিতব্য তৃতীয় আন্তর্জাতিক নগর ও অঞ্চল/গ্রামীণ পরিকল্পনা সংশ্লিষ্ট কনফারেন্স (ICURP) ২০২৩-এ অংশ গ্রহণের জন্য আমন্ত্রণ জানান। সিঙ্গাপুর ইনস্টিটিউট অব প্ল্যানার্সের পক্ষ থেকে ড. প্রেসিডেন্ট জনাব জোকো প্রিহান্তো বিআইপি আয়োজিত এই আন্তর্জাতিক কনফারেন্সে যোগদান করতে আগ্রহ প্রকাশ করেন।

# মালয়েশিয়ান ইনস্টিটিউট অব প্ল্যানার্স (এমআইপি) এর সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর

১৭ জানুয়ারি ২০২৩








বিগত ১৭ জানুয়ারি, ২০২৩ সালে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) এবং মালয়েশিয়ান ইনস্টিটিউট অব প্ল্যানার্স (এমআইপি) এর সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরের মাধ্যমে নতুন মাইলফলক উন্মোচিত হয়েছে। বিআইপি সভাপতি পরিকল্পনাবিদ ফজলে রেজা সুমন এবং এমআইপি সভাপতি টিপিআর নোরাইদা আইদা সালুদিন নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে সমঝোতা স্মারক স্বাক্ষর করেন। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন প্ল্যানার্স মালয়েশিয়ান ডিরেক্টর জেনারেল টিপিআর এইচযে হাসান ইয়াকুব এবং বিআইপি উপদেষ্টা পরিষদ কাউন্সিল সদস্য প্রকৌশলী মুহম্মদ নুরুল্লাহ। এই সমঝোতা স্মারকের মাধ্যমে, উভয় প্রতিষ্ঠানই পরিকল্পনাবিদদের জন্য নগর, অঞ্চল এবং গ্রামীণ পরিকল্পনা সংশ্লিষ্ট চ্যালেঞ্জ মোকাবিলা করার জন্য বিশ্বব্যাপী ভালো অনুশীলন গুলোর জ্ঞান শেয়ার করার একটি প্ল্যাটফর্ম গড়ে তুলবে বলে সম্মত হয়েছে।

# Bangladesh Institute of Planners (BIP)
## 15th Executive Board (2022-2023)



**Planner Mohammad Fazle Reza Sumon**
President



**Planner Muhammad Ariful Islam**
Vice-President 1



**Planner Dr. M. Shafiq-Ur Rahman**
Vice-President 2



**Planner Shaikh Muhammad Mehedi Ahsan**
General Secretary



**Planner Mohammad Rasel Kabir**
Joint Secretary



**Planner Dr. Md. Musleh Uddin Hasan**
Treasurer



**Planner Tamanna Binte Rahman**
Board Member
Professional Affairs)



**Planner Tamzidul Islam**
Board Member
(Academic Affairs)



**Planner Md. Rejaur Rahman**
Board Member
(Research & Publication)



**Planner Mohammed Hamidul Hasan Nabin**
Board Member
(National & International Liaison)



**Planner Kazi Salman Hossain**
Board Member
(Membership Affairs)



**Planner Dr. Adil Mohammed Khan**
Board Member
(Ex-Officio)



**Planner Abir-Ul-Jabbar**
Board Member
(Ex-Officio)



**Planner Md. Nazim Uddin**
Board Member
(Ex-Officio)



**Planner Dr.Md. Abdul Wakil**
Board Member
(Ex-Officio)

## বি.আই.পি
# নিউজলেটার

প্ল্যানার্স টাওয়ার (লেভেল-৭)
১৩/এ বীর উত্তম সি আর দত্ত (সোনারগাঁও) রোড
বাংলামটর, ঢাকা-১০০০, বাংলাদেশ
জিপিও বক্স ঃ ৩৭৯৩
ফোন ঃ +৮৮০ ২ ৯৬৬৭৬৫৩, ৯৬৬৫২২৩
মোবাইল ঃ +৮৮০১৮৬২ ২৬৭৬২৪
ফ্যাক্স ঃ +৮৮০ ২ ৯৬৬৫২২৩
ই-মেইল ঃ bipinfo@bip.org.bd
ফেসবুক ঃ facebook.com/bipinfo
ওয়েব ঃ www.bip.prg.bd
সোসাইটি নিবন্ধন নং ঃ S-542(13)75

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বি.আই.পি.)
BANGLADESH INSTITUTE OF PLANNERS (BIP)